# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 14 June, 2025

পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন অবকাশ উপলক্ষে ১৪ দিনের ছুটি শেষে রোববার খুলছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি)

রোববার (১৫ জুন) থেকে অ্যাকাডেমিক ও প্রশাসনিক সব কার্যক্রম স্বাভাবিক নিয়মে শুরু হবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার তামজিদ হোসেন চৌধুরী।

এদিকে ছুটি শেষে ক্যাম্পাসে ফিরতে শুরু করেছেন শিক্ষার্থীরা।অনেকে এরই মধ্যে হল ও মেসে ফিরেছেন, বাকিরা ফিরবেন শনিবার রাতেই। দীর্ঘ ছুটির পর আবারও অ্যাকাডেমিক ব্যস্ততায় ফিরতে প্রস্তুত শিক্ষার্থীরা।ক্যাম্পাসেও বেড়েছে শিক্ষার্থীদের পদচারণা।

উল্লেখ্য, পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন অবকাশ উপলক্ষে গত ১ জুন (রোববার) থেকে ১৪ জুন (শনিবার) পর্যন্ত ক্লাস এবং ৩ জুন (মঙ্গলবার) থেকে ১২ জুন (বৃহস্পতিবার) পর্যন্ত অফিস ছুটি ছিল।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 June, 2025 22:08

URL: https://timestodaybd.com/campus/6014453404